

নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়: বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ ২৫,৭৫০-১০০০ x ৮-৩৩,৭৫০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০০৯) সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস-এর ১টি শূন্য প্রিন্সিপাল কম্পিউটার সাইন্টিস্ট পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। প্রার্থীকে অবশ্যই কম্পিউটার সায়েন্স/ইনফরমেশন টেকনোলজি/ইলেকট্রিক এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/কমিনিউকেশন ইঞ্জিনিয়ারিং-এ পি.এইচ.ডি ডিগ্রীধারী হইতে হইবে। প্রার্থীকে অবশ্যই এম.এস.সি/বি.এস.সি (সম্মান) পরীক্ষায় অন্ততঃ যে কোন একটিতে ১ম শ্রেণীতে উত্তীর্ণ হইতে হইবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। প্রার্থীকে হাতে কলমে প্রোগ্রামার/সিস্টেম এনালিস্ট হিসাবে কাজ করার এবং বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষকতা ও গবেষণা কাজে ন্যূনতম ০৭(সাত) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। সংশ্লিষ্ট বিষয়ে পি.এইচ.ডি ডিগ্রীধারীদের ক্ষেত্রে চাকুরীর অভিজ্ঞতা ০২(দুই) বৎসর শিথিল করা যাইতে পারে। উল্লেখ্য যে, উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে উক্ত পদের বিপরীতে কম্পিউটার সাইন্টিস্ট হিসাবে নিয়োগ করা যাইতে পারে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ১০০০/- (এক হাজার) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) প্রস্থ দরখাস্ত আগামী ১০-১২-২০১৫ তারিখের মধ্যে রেজিস্ট্রারের নিকট পৌঁছাইতে হইবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।

